উদ্দীপকের মিশুও যেভাবে যোগাযোগ উপগ্রহ নামক কৃত্রিম উপগ্রহের মাধ্যমে তার ইংল্যান্ডপ্রবাসী বাবার সাথে কথা বলে, ঠিক সেভাবেই এ উপগ্রহের মাধ্যমে বিভিন্ন গেমস দেখে থাকে।

অতএব, এটি অত্যন্ত যৌক্তিক যে, কৃত্রিম উপগ্রহ ব্যবহার করে বিভিন্ন বিশ্বকাপ গেমস দেখা সম্ভব।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. কৃত্রিম উপগ্রহ কাকে বলে? ১
খ. মহাশূন্যের শুরু ও বিস্তৃতি ব্যাখ্যা কর। ২
গ. চিত্রের B অংশটি কী ধরনের কাজ করে বর্ণনা দাও। ৩
ঘ. চিত্রে উল্লিখিত A ও B অংশের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

◀ ৪নং প্রশ্নের উত্তর ▶

- ক. মানুষের পাঠানো যেসব বস্তু বা মহাকাশযান পৃথিবীকে কেন্দ্র করে নির্দিষ্ট কক্ষপথে ঘোরে তাদের কৃত্রিম উপগ্রহ বলে।
খ. অধিকাংশ বিজ্ঞানী মনে করেন যে, পৃথিবী থেকে ১৬০ কিলোমিটার উচ্চতায় বায়ুমন্ডলের শেষ এবং মহাশূন্য শুরু। মহাশূন্য অসীম দূরত্ব পর্যন্ত বিস্তৃত। একসময় ধারণা করা হতো যতদূর পর্যন্ত কোনো বস্তু দেখা যায়, মহাশূন্য সেই পর্যন্ত বিস্তৃত। পরবর্তী সময়ে দৃষ্টিসীমার বাইরে অনেকগুলো নক্ষত্র, ধূমকেতু ও গ্যালাক্সি দেখতে পাওয়া যায় এবং সিংহাস্ত নেওয়া হয় মহাশূন্যের কোনো শেষ নেই।
গ. চিত্রে B চিহ্নিত বস্তুটি হলো আপোলো সয়োজ যা একটি কৃত্রিম উপগ্রহ। বর্তমান বিশ্বের তথ্য প্রযুক্তির উন্নয়নে কৃত্রিম উপগ্রহের ভূমিকা নিচে বিশ্লেষণ করা হলো :
১. এর সাহায্যে মুহূর্তেই এক দেশের সংবাদ ও খবরাখবর অন্যত্র পাওয়া সম্ভব হচ্ছে।
 ২. এর জন্যই বর্তমানে টেলিযোগাযোগ ক্ষেত্রে বিপ্লব সমিতি হয়েছে।
 ৩. কোনো একটি জায়গায় ঘটে যাওয়া ঘটনা এর জন্যই টেলিভিশনে আমরা সরাসরি উপভোগ করতে পারি।
 ৪. আবহাওয়ার বিভিন্ন তথ্য, দূর সমুদ্রের ঝড়ের উৎপত্তি ইত্যাদি আমরা এর মাধ্যমে জানতে পারি।
 ৫. গোয়েন্দা কাজে যোগাযোগ করার জন্য সামরিক বাহিনীতে গোয়েন্দা কৃত্রিম উপগ্রহ ব্যবহার করা হয়।
 ৬. পৃথিবী পর্যবেক্ষণকারী কৃত্রিম উপগ্রহ পৃথিবীপৃষ্ঠের সুস্পষ্ট চিত্র দিতে পারে।

বস্তুটির যোগাযোগ ক্ষেত্রে B অংশের কৃত্রিম উপগ্রহের কাজ বর্ণনা কর।

ঘ. A বা চাঁদ একটি প্রাকৃতিক উপগ্রহ, অপরদিকে B বা অ্যাপোলো সায়েন্স একটি কৃত্রিম উপগ্রহ। A ও B এর মধ্যে A তথা চাঁদ স্বাভাবিকভাবেই পৃথিবীর চারদিকে ঘোরে। নিচে এদের মধ্যে তুলনামূলক আলোচনা করা হলো—

পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কেন্দ্রমুখী বা টানের প্রয়োজন হয়। কৃত্রিম উপগ্রহের উপর পৃথিবীর আকর্ষণ বল বা অভিকর্ষ বলই এই কেন্দ্রমুখী বল যোগায়। হিসাব করে দেখা গেছে, যদি পৃথিবীর প্রায় ২৫০ কিলোমিটার উপরে তুলে পৃথিবীপৃষ্ঠে সমান্তরালভাবে প্রতি সেকেন্ডে প্রায় ৮ কিলোমিটার বেগ দেওয়া যায় তবে কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে। তিনটি রকেটের সাহায্যে কৃত্রিম উপগ্রহকে নির্দিষ্ট উচ্চতায় তুলে পরে ভূপৃষ্ঠের সমান্তরাল বেগ দেওয়া হয়।

অপরদিকে চাঁদের ক্ষেত্রে নির্দিষ্ট উচ্চতায় তোলা বা বেগ দেওয়ার প্রয়োজন পড়ে না, চাঁদ নিজ কক্ষপথে অবিরত পৃথিবীর চারদিকে ঘুরছে কারণ, জ্যোতির্বিজ্ঞানীদের ধারণা নক্ষত্রের জন্মের সময় একেকটি গ্রহকে ঘিরে কয়েকটি মহাজাগতিক মেঘ আবর্তিত হতো। এথেকেই উপগ্রহ সৃষ্টি হয়েছে। চাঁদও এমনই একটি উপগ্রহ।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :


আদিত্য তার বাবার সাথে টেলিভিশনে বিশ্বকাপ ফুটবল উপভোগ করছিল। ব্রাজিলে অনুষ্ঠিত খেলা কীভাবে তাৎক্ষণিকভাবে টেলিভিশনে দেখা যায় তার বাবার কাছে জানতে চাইল। বাবা বললেন চিত্র ও শব্দ একই কৃত্রিম উপগ্রহের মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে। এছাড়া বাবা আদিত্যকে উপগ্রহের অন্যান্য ব্যবহার ও গুরুত্ব সম্পর্কে বললেন।

- | | |
|----------------------------------------------------------------|---|
| ক. বায়ুমন্ডল পৃথিবী পৃষ্ঠ হতে কত কিলোমিটার পর্যন্ত বিস্তৃত? | ১ |
| খ. মহাবিশ্ব বলতে কী বুঝায়? | ২ |
| গ. উদ্দীপকে উল্লিখিত সম্প্রচার ব্যবস্থাটি বর্ণনা কর। | ৩ |
| ঘ. দুর্বোণ মোকাবেলায় আলোচ্য উপগ্রহ গুরুত্বপূর্ণ—মূল্যায়ন কর। | ৪ |

৬নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. বায়ুমন্ডল পৃথিবী পৃষ্ঠ হতে ১৬০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।
- খ. সূচনশীল ১(খ) নং উত্তর দেখ।
- গ. উদ্দীপকে উল্লিখিত সম্প্রচার ব্যবস্থাটি হলো যোগাযোগ উপগ্রহের সাহায্যে খেলার সংকেত সম্প্রচার। ব্রাজিলে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবল খেলা আদিত্যদের বাসার টেলিভিশনে দেখার জন্য ব্রাজিল হতে বেতার সংকেত কৃত্রিম উপগ্রহের মাধ্যমে তাদের টেলিভিশনে আসে। ব্রাজিল থেকে ডিশ এরিয়েলের মাধ্যমে একটি সংকেত উপগ্রহে পাঠানো হয়। উপগ্রহ পুনরায় আদিত্যদের ডিশ এরিয়েলে পাঠিয়ে দেয়। সেখান হতে আদিত্যদের টেলিভিশনে পৌঁছে। কৃত্রিম উপগ্রহ এখানে রিলে স্টেশনের কাজ করে।
- ঘ. দুর্বোণ মোকাবেলা করার ক্ষেত্রে আলোচ্য উপগ্রহ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আলোচ্য উপগ্রহ আবহাওয়া উপগ্রহ হিসেবে কাজ করে। এটি আবহাওয়ার পূর্বাভাস দেয়। আবহাওয়া উপগ্রহ আবহাওয়ার পূর্বাভাসদানকারীদের জানিয়ে দেয় ঐ দিনের বা পরবর্তী কয়েকদিনের আবহাওয়া কেমন হবে। কোথায় মেঘ হচ্ছে, কোন দিকে মেঘ যাচ্ছে, কখন কোথায় বৃষ্টি হতে পারে আবহাওয়া উপগ্রহ এসব দেখতে পারে। এই উপগ্রহ বায়ু প্রবাহ, সাইক্লোন সৃষ্টি হওয়া, কোথায় ঘনীভূত হচ্ছে, কোনদিকে আঘাত হানতে পারে তার সবকিছু পর্যবেক্ষণ করে পূর্বাভাস দিতে পারে। এছাড়া পৃথিবী পর্যবেক্ষণকারী উপগ্রহ হিসেবে এটি বনে কোথায় আগুন লেগেছে, মাটি, পানি ও বায়ুদূষণ নির্ণয়ের জন্যও ব্যবহৃত হয়।

প্রদত্ত চিত্র দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- | | |
|-------------------------------------------------------------------|---|
| ক. হায়াপথ কী? | ১ |
| খ. মহাকাশের শেষ নেই কেন? | ২ |
| গ. উদ্দীপকের A বস্তুটির উক্ত অবস্থানে প্রদক্ষিণ কৌশল ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. উদ্দীপকের A বস্তুটির কাজ বিশ্লেষণ কর। | ৪ |

৬নং প্রশ্নের উত্তর ▶◀

ক. হায়াপথ একটি গ্যালাক্সি যাতে আমাদের বাসভূমি পৃথিবী ও সৌরজগৎ আছে।

খ. স্জনশীল ৪(খ) নং উত্তর দেখ।

গ. A বস্তুটি পৃথিবীর বাইরে চাঁদের কক্ষপথের নিচে অন্য একটি কক্ষপথে ঘূর্ণায়মান একটি কৃত্রিম উপগ্রহ। এটিও এর নির্দিষ্ট কক্ষপথে থেকে পৃথিবীকে প্রদক্ষিণ করে। কৃত্রিম উপগ্রহ চাঁদের তুলনায় অনেক ছোট এবং অনেক নিচু দিয়ে পৃথিবীর চারদিকে ঘোরে। তিনটি রকেটের সাহায্যে কৃত্রিম উপগ্রহকে কক্ষপথে উৎক্ষেপণ করা হয়। পৃথিবীর প্রায় ২৫০ কিলোমিটার উপরে তুলে পৃথিবী পৃষ্ঠের সমান্তরালে প্রতি সেকেন্ডে প্রায় ৮ কিলোমিটার বেগ দেওয়া হয়। এই উচ্চতায় তুলে পরে ভূপৃষ্ঠের সমান্তরালে বেগ দেওয়া হয়। পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কৃত্রিম উপগ্রহের যে কেন্দ্রমুখী বল প্রয়োজন হয় পৃথিবীর অভিকর্ষ বল তা জোগান দেয়। পৃথিবীর মাধ্যাকর্ষণ টানের প্রভাবে চাঁদের মতো এরা এদের কক্ষপথে ঘোরে। পৃথিবী থেকে কৃত্রিম উপগ্রহের উচ্চতা যত বেশি হবে তার দ্রুতি তত কম হবে। ফলে পৃথিবীকে প্রদক্ষিণ করতে এরা বেশি সময় নিবে।

অতএব, উপরিউক্ত কৌশল অনুযায়ী উদ্দীপকের A বস্তুটি বা কৃত্রিম উপগ্রহ উক্ত অবস্থানে প্রদক্ষিণ করে।

ঘ. A একটি কৃত্রিম উপগ্রহ যা যোগাযোগের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। A-এর কাজগুলো নিচে বিশ্লেষণ করা হলো :
স্জনশীল ৪(গ) নং উত্তর দেখ।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রাইয়ান তার বাবার সাথে টেলিভিশনে ব্রাজিল বিশ্বকাপ ফুটবল ২০১৪ এর খেলা দেখছিল। খেলাচলাকালীন রাইয়ান তার বাবাকে প্রশ্ন করল, ব্রাজিলে অনুষ্ঠিত খেলার দৃশ্যাবলি কীভাবে আমাদের টেলিভিশনে এলো। বাবা তাকে বিষয়টি সুদরভাবে ব্যাখ্যা করলেন। বাবা আরও মন্তব্য করলেন, “শুধু এ কাজে নয় আরও অনেক গুরুত্বপূর্ণ কাজেও এ প্রক্রিয়ার গুরুত্ব আবশ্যিকীয়।”

- | | |
|-------------------------------------------------------------|---|
| ক. পৃথিবী ও সূর্যের মধ্যকার দূরত্ব কত? | ১ |
| খ. মহাকাশ কী? ব্যাখ্যা কর। | ২ |
| গ. রাইয়ানের প্রশ্নের উত্তরে বাবা কী বলেছিলেন? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. বাবার শেষ মন্তব্যের যথার্থতা নিরূপণ কর। | ৪ |

◀◀ ৭নং প্রশ্নের উত্তর ▶▶

ক. পৃথিবী ও সূর্যের মধ্যকার দূরত্ব প্রায় ১৫ কোটি কিলোমিটার।

খ. গ্রহ, নক্ষত্র, ছায়াপথ, গ্যালাক্সি ইত্যাদির মাঝখানে যে খালি জায়গা তাকে মহাকাশ বলে।

মহাকাশ কোনো পদার্থ দিয়ে তৈরি নয়। মহাকাশ বলতে পদার্থের অনুপস্থিতি বোঝায়। এটি হলো সে ফাঁকা জায়গা বা অঞ্চল যেখান দিয়ে পৃথিবী, চাঁদ, সূর্য ও তারা চলাচল করে।

গ. রাইয়ানের প্রশ্নের উত্তরে বাবা কৃত্রিম উপগ্রহের কথা বলেছিলেন।

রাইয়ান তার বাবার সাথে টেলিভিশনে ব্রাজিল বিশ্বকাপ ফুটবল ২০১৪ এর খেলা দেখছিল। এখানে ব্রাজিল থেকে বেতার সংকেত কৃত্রিম উপগ্রহের মাধ্যমে রাইয়ানদের টেলিভিশনে পৌঁছায়। ব্রাজিল থেকে ডিশ এরিয়েলের মাধ্যমে একটি সংকেত উপগ্রহে পাঠানো হয়। উপগ্রহ সংকেতটি পুনরায় আমাদের দেশে কোনো ডিশ এরিয়েলের মাধ্যমে পাঠিয়ে দেয়। সেখান থেকে রাইয়ানদের টেলিভিশনে পৌঁছে। কৃত্রিম উপগ্রহ এখানে রিলে স্টেশনের কাজ করছে।

অতএব, যোগাযোগ রক্ষার কাজ করছে এমন কৃত্রিম উপগ্রহের কথা রাইয়ানের প্রশ্নের উত্তরে বাবা বলেছিলেন।


ঘ. বাবার শেষ মন্তব্য ছিল, “শুধু এ কাজ নয় আরও অনেক গুরুত্বপূর্ণ কাজেও এ প্রক্রিয়ার গুরুত্ব আবশ্যিকীয়।”

উদ্দীপকের যোগাযোগ উপগ্রহের সাহায্যে ঘরে বসে আমরা পৃথিবীর যেকোনো জায়গা থেকে প্রচারিত তথ্য, কথা, ছবি, গান ইত্যাদি শুনতে এবং দেখতে পারি। এর সাহায্যে ঘরে বসে বিশ্বকাপ ফুটবল, ক্রিকেট, অলিম্পিক ইত্যাদি খেলা সহজেই দেখা যায়। এ ছাড়া আরও অনেক গুরুত্বপূর্ণ কাজে এর গুরুত্ব আবশ্যিকীয়। যেমন :

১. আবহাওয়া উপগ্রহের মাধ্যমে আমরা ঝড়, বৃষ্টিপাত, নিম্নচাপ ইত্যাদি পূর্বাভাস জানতে পারি।
২. পৃথিবী পর্যবেক্ষণকারী উপগ্রহ পৃথিবীপৃষ্ঠের সুস্পষ্ট চিত্র দিতে পারে। কোনো শহরের বা দেশের সামগ্রিক অবস্থা এই উপগ্রহের সাহায্যে ছবি তুলে জানা যায়।
৩. প্রতিস্রব সৈন্যদের অবস্থান, আক্রমণ, রসদ ইত্যাদি সামরিক বা গোয়েন্দা উপগ্রহ থেকে জানা যায়।
৪. টেলিভিশন, রেডিও, টেলিফোন বা ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগের ক্ষেত্রে কৃত্রিম উপগ্রহের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

সুতরাং বলা যায়, রাইয়ানের বাবার শেষ মন্তব্য যথার্থ ছিল।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



E ও S এর মধ্যবর্তী দূরত্ব = ২৫০ কি.মি.

S এর গতিবেগ ৮ কি.মি./সে:

- | | |
|----------------------------------------------------------------------|---|
| ক. গ্যালাক্সি কাকে বলে? | ১ |
| খ. মহাবিস্ফোরণ তত্ত্বটি ব্যাখ্যা কর। | ২ |
| গ. চিত্রে 'S' কীভাবে 'E' এর চারদিকে ঘোরে – ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. আধুনিক যোগাযোগের মাধ্যম হিসেবে 'S' বস্তুটির গুরুত্ব মূল্যায়ন কর। | ৪ |

◀◀ ৮নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. গ্রহ-নক্ষত্রের একটি বৃহৎ দলকে গ্যালাক্সি বলে।
- খ. মহাবিশ্বের উৎপত্তি ও বিকাশ সম্পর্কে সবচেয়ে আলোচিত এবং বহুল প্রচলিত তত্ত্ব হলো মহাবিস্ফোরণ তত্ত্ব। এই তত্ত্ব অনুসারে মহাবিশ্ব এক সময় অত্যন্ত উত্তপ্ত ও ঘনরূপে বা ঘন অবস্থায় ছিল যা অতি দ্রুত প্রসারিত হচ্ছিল। দ্রুত প্রসারণের ফলে মহাবিশ্ব ঠাণ্ডা হয়ে যায় এবং বর্তমান প্রসারণশীল অবস্থায় পৌঁছায়। এই মহাবিস্ফোরণ সংঘটিত হয়েছিল প্রায় ১৩.৭৫ বিলিয়ন বছর বা ১৩৭৫ কোটি বছর আগে।
- গ. চিত্রে E হলো পৃথিবী এবং S হলো স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ। কৃত্রিম উপগ্রহ কেন্দ্রমুখী বল বা টানের প্রভাবে পৃথিবীর চারদিকে ঘোরে। পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কৃত্রিম উপগ্রহের কেন্দ্রমুখী বল বা টানের প্রয়োজন হয়। কৃত্রিম উপগ্রহের উপর পৃথিবীর আকর্ষণ বল বা অভিকর্ষ বলই এই কেন্দ্রমুখী বল। জোগায়। কৃত্রিম উপগ্রহকে পৃথিবীর প্রায় ২৫০ কিলোমিটার উপরে তুলে পৃথিবী পৃষ্ঠের সমান্তরালভাবে প্রতি সেকেন্ডে প্রায় ৮ কিলোমিটার বেগ দেওয়া হয়। তিনটি রকেটের সাহায্যে কৃত্রিম উপগ্রহকে নির্দিষ্ট উচ্চতায় তুলে পরে ভূপৃষ্ঠের সমান্তরালে বেগ দেওয়া হয়। এভাবেই কৃত্রিম উপগ্রহটি পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে। অতএব, কৃত্রিম উপগ্রহ চারদিকে ঘোরে।
- ঘ. সৃজনশীল ৪(গ) নং উত্তরের অনুরূপ।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



- | | |
|-------------------------------------------------------------------------|---|
| ক. সূর্যের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম কী? | ১ |
| খ. চাঁদকে আলোকিত দেখা যায় কেন? | ২ |
| গ. চিত্রের ঘটনাটি ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. চিত্রের ঘটনা থেকেই মহাবিশ্বের প্রসারণ শুরু হয় – যুক্তি প্রদর্শন কর। | ৪ |

◀◀ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. সূর্যের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম আলফা সেন্টোরি।
- খ. চাঁদের উপর সূর্যের আলো প্রতিফলিত হয় বলে চাঁদকে আলোকিত দেখা যায়। চাঁদ পৃথিবীর উপগ্রহ। এর নিজের তাপ বা আলো নেই। তা সত্ত্বেও চাঁদকে আমরা আলোকিত দেখি। এর কারণ সূর্যের আলো চাঁদের উপর পড়ে এবং প্রতিফলিত হয়। এ প্রতিফলিত আলোর কারণেই আমরা চাঁদকে আলোকিত দেখি।
- গ. চিত্রের ঘটনাটি হলো মহাবিস্ফোরণ হতে মহাবিশ্ব সৃষ্টি হয়েছে। বিজ্ঞানীরা বিভিন্ন তথ্য প্রমাণ ব্যবহার করে মহাবিশ্বের উৎপত্তি সম্পর্কে ধারণা দিয়েছেন যে কোটি কোটি বছর পূর্বে ছোট অথচ ভীষণ ভারী ও গরম একটি বস্তুপিন্ড বিস্ফোরিত হয়ে সকল দিকে ছড়িয়ে পড়তে শুরু করে। এ বিস্ফোরণকে মহাবিস্ফোরণ বলা হয়। মহাবিস্ফোরণের পর অতিক্ষুদ্র পদার্থকণা প্রথমে ছোট ছোট কণায়


পরিণত হয়। এরপর ছোট ছোট কণাগুলো কিছুটা ঠান্ডা ও একত্রিত হয়ে জ্যোতিকে পরিণত হয়। এভাবে সূর্য ও অন্যান্য নক্ষত্র সৃষ্টি হয়। এর আরও অনেক পরে পৃথিবী, সূর্য, অন্যান্য নক্ষত্র, জ্যোতিষ্ক ইত্যাদি তথা মহাবিশ্বের সৃষ্টি হয়।

ঘ. চিত্রের ঘটনা অর্থাৎ বিগব্যাঙ বা মহাবিস্ফোরণ থেকেই মহাবিশ্বের প্রসারণ শুরু হয় যা বিভিন্ন সময়ে বিভিন্ন জ্যোতির্বিজ্ঞানীগণ গবেষণার মাধ্যমে প্রমাণ করেছেন। মহাকাশের গ্যালাক্সি ও তারাসমূহ একে অপরের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। অর্থাৎ মহাবিশ্ব প্রসারণশীল। মহাবিশ্বের এ প্রসারণশীল অবস্থার শুরু খুঁজতে গিয়ে তাঁরা ধারণা করেছেন, দূর অতীতে মহাবিশ্বের সমস্ত বস্তু সংকুচিত অবস্থায় একটা বিন্দুর মতো ছিল। ঠিক যেন একটা অতি পরমাণু। এ অতি পরমাণুর বিস্ফোরণের ফলেই মহাবিশ্বের প্রসারণ শুরু হয়।

উদ্দীপকের চিত্রে প্রদর্শিত তত্ত্ব অনুযায়ী মহাবিশ্ব এক সময় অত্যন্ত উষ্ণ ও ঘনরূপে বা ঘন অবস্থায় ছিল যা অতি দ্রুত প্রসারিত হচ্ছিল। দ্রুত প্রসারণের ফলে মহাবিশ্ব ঠান্ডা হয়ে যায় এবং বর্তমান প্রসারণশীল অবস্থায় পৌঁছায়। বর্তমানকালের খ্যাতনামা পদার্থবিজ্ঞানীগণ এর সপক্ষে মত দিয়েছেন।

সুতরাং যৌক্তিকভাবেই চিত্রের মহাবিস্ফোরণ থেকে মহাবিশ্বের প্রসারণ শুরু হয়েছে।

নিচের চিত্রটি লক্ষ করে প্রশ্নগুলোর উত্তর দাও :



[বরিশাল জিলা স্কুল, বরিশাল]

- | | |
|----------------------------------------------------------------------------|---|
| ক. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহের নাম কী? | ১ |
| খ. গ্রহকে নক্ষত্র বলা যায় না কেন? | ২ |
| গ. চিত্রের 'C' চিহ্নিত গ্রহটি সৌরজগতের একটি গুরুত্বপূর্ণ গ্রহ-ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. চিত্রের 'B' ও 'C' চিহ্নিত গ্রহ দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। | ৪ |

▶◀ ১০নং প্রশ্নের উত্তর ▶◀

ক. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহের নাম বৃহস্পতি।

খ. গ্রহের নিজস্ব আলো ও উত্তাপ নেই বলে একে নক্ষত্র বলা যায় না।

নক্ষত্রগুলো প্রত্যেকে এক একটি জ্বলন্ত গ্যাসপিণ্ড বলে এদের সবারই আলো ও উত্তাপ আছে। কিন্তু গ্রহগুলোর নিজস্ব কোনো আলো ও উত্তাপ নেই, তাই গ্রহ নক্ষত্র নয়।

গ. চিত্রের 'C' চিহ্নিত গ্রহটি হলো পৃথিবী। এটি সৌরজগতের একটি গুরুত্বপূর্ণ গ্রহ।

কেবল পৃথিবীতেই জীবনের জন্য উপযোগী উপকরণ ও পরিবেশ রয়েছে। গোলাকার পৃথিবীকে ঘিরে রয়েছে গ্যাসীয় বায়ুমন্ডল। এই বায়ুমন্ডলে প্রাণী ও উদ্ভিদের প্রয়োজনীয় অক্সিজেন, কার্বন ডাইঅক্সাইড, নাইট্রোজেন সব গ্যাসই রয়েছে। তাছাড়া পৃথিবীতে সূর্যের আলো ও তাপ পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়, যা পাণিকূল ও উদ্ভিদকূলের জীবন ধারণ, খাদ্য উৎপাদন ও অন্যান্য জৈবনিক ক্রিয়াকলাপের জন্য অত্যাবশ্যিক। কিন্তু সৌরজগতের অন্য কোনো গ্রহে জীবের জীবনধারণের সকল উপকরণ পর্যাপ্ত নেই।

উপরিউক্ত আলোচনা থেকে বলা যায়, ‘পৃথিবী সৌরজগতের একটি গুরুত্বপূর্ণ গ্রহ।

ঘ. 'B' চিহ্নিত গ্রহটি হলো শুরু ও 'C' চিহ্নিত গ্রহটি হলো পৃথিবী। নিচে শুরু ও পৃথিবী গ্রহ দুটির তুলনামূলক বিশ্লেষণ করা হলো—

শুরু হলো দূরত্বের দিক দিয়ে সূর্য থেকে দ্বিতীয় অবস্থানে এবং পৃথিবী তৃতীয় অবস্থানে। সূর্যের আলো উভয় গ্রহের ওপরই পড়ে, তাই আমরা তাদের আলোকিত দেখি। শুরু ৫৯ দিনে একবার সূর্যকে প্রদক্ষিণ করে। অপরদিকে পৃথিবী ৩৬৫ দিন ৬ ঘণ্টায় একবার সূর্যকে প্রদক্ষিণ করে। শুরু গ্রহে কোনো প্রকার বায়ুমন্ডল নেই এবং জীবের জীবনধারণ এখানে অসম্ভব।

অন্যদিকে পৃথিবী হলো সৌরজগতের একমাত্র গ্রহ, যাতে জীবের জন্য উপযোগী উপকরণ ও পরিবেশ রয়েছে। শুরুর কোনো কৃত্রিম উপগ্রহ নেই, কিন্তু পৃথিবীর একটি কৃত্রিম উপগ্রহ রয়েছে, সেটি হলো টাঁদ।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :


লেনিন একটি টেনিস বলকে প্রায় ১ মিটার লম্বা একটি সুতার এক মাথায় শক্ত করে বাঁধল। এবার সুতার অপর মাথা এক হাতে শক্ত করে ধরে অপর হাতে বলটি ভূপৃষ্ঠের সমান্তরালে ছুড়ে দিল।

- ক. পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কী প্রয়োজন হয়? ১
- খ. কৃত্রিম উপগ্রহকে ২৫০ কিলোমিটার উপরে তুলে ৮ কিলোমিটার/ সেকেন্ড বেগ দেওয়া হয় কেন? ২
- গ. টেনিস বলটি কীভাবে লেনিনের চারদিকে ঘোরে? ৩
- ঘ. পৃথিবীর কক্ষপথ সাপেক্ষে লেনিন, টেনিস বল এবং সুতার মধ্যে সম্পর্ক স্থাপন কর। ৪

▶◀ ১১নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কেন্দ্রমুখী বল বা টানের প্রয়োজন হয়।
- খ. কৃত্রিম উপগ্রহকে ২৫০ কিলোমিটার উপরে তুলে ৮ কিলোমিটার/ সেকেন্ড বেগ দেওয়ার কারণ হলো এ বেগে কৃত্রিম উপগ্রহকে মহাকাশে নিক্ষেপ করা হলে এটি অভিকর্ষের প্রভাব অতিক্রম করে স্থায়ীভাবে মহাশূন্যে চলে যায় এবং পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে।
- গ. টেনিস বলটি লেনিনের চারদিকে বৃত্তাকারে ঘোরে। লেনিন টেনিস বলটি ভূপৃষ্ঠের সমান্তরালে যখন ছুড়ে দিল তখন বলটি সামনের দিকে সামান্য গিয়ে বৃত্তাকার পথে যেতে চায়। সুতরাং বলটি সুতার টানে বৃত্তাকার পথে ঘোরে।
এতে টেনিস বলটির ওপর একটি কেন্দ্রমুখী বল প্রযুক্ত হবে এবং বলটি তার বৃত্তাকার পথের ব্যাসার্ধ বরাবর ছিটকে বাইরের দিকে যাবার চেষ্টা করবে। এভাবে টেনিস বলটি লেনিনের চারদিকে ঘোরে।
- ঘ. লেনিন হলো পৃথিবী, টেনিস বল হলো কৃত্রিম উপগ্রহ এবং সুতার টান হলো অভিকর্ষ বল। আর বৃত্তাকার পথটি হলো কৃত্রিম উপগ্রহের কক্ষপথ। মহাকাশের সকল বস্তুই পরস্পরকে আকর্ষণ করে। এ নীতির ওপর ভিত্তি করেই কৃত্রিম উপগ্রহ মহাকাশে ঘুরে বেড়ায়।
লেনিন, টেনিস বল, সুতা সকলেই পরস্পরকে আকর্ষণ করে এবং এই আকর্ষণ টেনিস বলের কেন্দ্রমুখী। টেনিস বলের ওপর লেনিন অর্থাৎ পৃথিবীর আকর্ষণ বা অভিকর্ষ বলই এই কেন্দ্রমুখী বলের জোগান দেয়।
এটাই, পৃথিবীর কক্ষপথ সাপেক্ষে লেনিন, টেনিস বল এবং সুতার মধ্যে সম্পর্ক।

নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. সূর্যের নিকটবর্তী নক্ষত্রের নাম কী? ১
- খ. মহাশূন্যের শূন্য ও বিস্তৃতি ব্যাখ্যা কর। ২
- গ. A ও B এর মধ্যে কোনটি স্বাভাবিকভাবেই পৃথিবীর চারদিকে ঘুরে ব্যাখ্যা কর। ৩
- ঘ. বর্তমান বিশ্বের তথ্যপ্রযুক্তির উন্নয়নে B এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪


▶◀ ১২নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. সূর্যের নিকটবর্তী নক্ষত্রের নাম হলো আলফা সেন্টোরি।
- খ. স্জনশীল ৪(খ) নং উত্তর দেখ।
- গ. A ও B এর মধ্যে A তথা চাঁদ স্বাভাবিকভাবেই পৃথিবীর চারদিকে ঘোরে। নিচে বিষয়টি ব্যাখ্যা করা হলো—
A বা চাঁদ একটি প্রাকৃতিক উপগ্রহ, অপরদিকে B বা অ্যাপোলো সয়োজ একটি কৃত্রিম উপগ্রহ। পৃথিবীর চারদিকে ঘোরার জন্য কেন্দ্রমুখী বা টানের প্রয়োজন হয়। কৃত্রিম উপগ্রহের উপর পৃথিবীর আকর্ষণ বল বা অভিকর্ষ বলই এই কেন্দ্রমুখী বল যোগায়। হিসাব করে দেখা গেছে যদি পৃথিবীর প্রায় ২৫০ কিলোমিটার উপরে তুলে পৃথিবীপৃষ্ঠে সমান্তরালভাবে প্রতি সেকেন্ডে প্রায় ৮ কিলোমিটার বেগ দেওয়া যায় তবে কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে। তিনটি রকেটের সাহায্যে কৃত্রিম উপগ্রহকে নির্দিষ্ট উচ্চতায় তুলে পরে ভূপৃষ্ঠের সমান্তরাল বেগ দেওয়া হয়।
অপরদিকে চাঁদের ক্ষেত্রে নির্দিষ্ট উচ্চতায় তোলা বা বেগ দেওয়ার প্রয়োজন পড়ে না, কিন্তু চাঁদ নিজ কক্ষপথে অবিরত পৃথিবীর চারদিকে ঘুরছে কারণ, জ্যোতির্বিজ্ঞানীদের ধারণা নক্ষত্রের জন্মের সময় একেকটি গ্রহকে ঘিরে কয়েকটি মহাজাগতিক মেঘ আবর্তিত হতো। এ থেকেই উপগ্রহ সৃষ্টি হয়েছে চাঁদ ও এমনই একটি উপগ্রহ।

অতএব বলা যায়, A ও B এর মধ্যে A অর্থাৎ চাঁদ স্বাভাবিকভাবেই পৃথিবীর চারিদিকে ঘোরে।

- ঘ. চিত্রে B চিহ্নিত বস্তুটি হলো অ্যাপোলো সয়োজ যা একটি কৃত্রিম উপগ্রহ। বর্তমান বিশ্বের তথ্য প্রযুক্তির উন্নয়নে কৃত্রিম উপগ্রহের ভূমিকা নিচে বিশ্লেষণ করা হলো—
সৃজনশীল প্রশ্নের ৪(গ) উত্তরের অনুরূপ।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. মহাবিশ্ব কী? ১
খ. কিরূপে মহাবিশ্বের উৎপত্তি হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. চিত্রে P কীভাবে E এর চারিদিকে ঘুরে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নমুনায় যোগাযোগের মাধ্যম হিসেবে P বস্তুটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

▶◀ ১৩নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. সৃষ্টিজগতে যা কিছু আছে তার সবকিছু নিয়েই মহাবিশ্ব।
খ. 'কিণ্বাণ্ড ভক্ত' বা মহাবিস্ফোরণ ভক্ত' মতে মহাবিশ্ব একসময় অত্যন্ত উত্তপ্ত ও ঘনরূপে বা ঘন অবস্থায় ছিল যা অতি দ্রুত প্রসারিত হচ্ছিল। দ্রুত প্রসারণের ফলে মহাবিশ্ব ঠাণ্ডা হয়ে যায় এবং বর্তমান প্রসারণশীল অবস্থায় পৌঁছায়। এভাবেই মহাবিশ্বের উৎপত্তি হয়েছে।
গ. চিত্রে P হলো কৃত্রিম উপগ্রহ এবং E হলো পৃথিবী। কৃত্রিম উপগ্রহ যেভাবে পৃথিবীর চারিদিকে ঘুরে তা নিচে ব্যাখ্যা করা হলো :
সৃজনশীল ৮(গ) নং উত্তরের অনুরূপ।
ঘ. আধুনিক যোগাযোগের মাধ্যম হিসেবে P বস্তুটির তথ্য কৃত্রিম উপগ্রহের গুরুত্ব মূল্যায়ন করা হলো :
সৃজনশীল ৪(গ) নং উত্তরের অনুরূপ।



সৃজনশীল প্রশ্নব্যাংক



সূর্যকে কেন্দ্র করে পৃথিবী একটি নির্দিষ্ট কক্ষে ৩৬৫ দিনে একবার আবর্তন করে। আবার পৃথিবীকে কেন্দ্র করে চাঁদ একটি নির্দিষ্ট কক্ষে ২৯ দিনে একবার আবর্তন করে। এখানে সূর্য, পৃথিবী ও চাঁদ হলো যথাক্রমে নক্ষত্র, গ্রহ ও প্রাকৃতিক উপগ্রহ।

- ক. মহাবিশ্ব কী? ১
খ. কৃত্রিম উপগ্রহ কীভাবে কক্ষপথে চলে? ২
গ. প্রদত্ত নক্ষত্রকে নিয়ে যে জগৎ গঠিত তার মডেল তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বস্তু তিনটির আবর্তনের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

অয়ন বাবার সাথে ফ্রান্সে অনুষ্ঠিত একটি ফুটবল ম্যাচ দেখছিল। খেলা দেখার সময় অয়নের এক প্রশ্নের জবাবে বাবা বললেন, এক বিশেষ ধরনের উপগ্রহের মাধ্যমে এই খেলা দেখা সম্ভব হচ্ছে।

- ক. সৌরজগৎ কাকে বলে? ১
খ. মহাবিশ্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত উপগ্রহ কীভাবে কাজ করে? ৩
ঘ. উদ্দীপকের উপগ্রহ উপকার করছে না অপকার করছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

দুই বন্ধু রাহুল ও রিপন মহাকাশযাত্রার ইতিহাস নিয়ে আলোচনা করছিল। রাহুল রিপনকে কৃত্রিম উপগ্রহ কীভাবে আবর্তন করে তা ব্যাখ্যা করল। রিপন রাহুলকে জানাল, পৃথিবীর বিভিন্ন দেশ হাজার হাজার কৃত্রিম উপগ্রহ পাঠিয়েছে।

- ক. প্রথম মহাকাশ যাত্রীর নাম কী? ১

- খ. বায়ুমন্ডলের ২টি বৈশিষ্ট্য লেখ। ২
- গ. রাতুল রিপনকে কৃত্রিম উপগ্রহের আবর্তন সম্বন্ধে যা জানালা তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত ইতিহাস বর্ণনা কর। ৪



অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

এই বিশাল নভোমন্ডলে একটি ছায়াপথে রয়েছে সৌরজগৎ। সৌরজগতে রয়েছে সূর্য এবং একে ঘিরে আবর্তনশীল ৮টি গ্রহ। গ্রহকে পরিভ্রমণ করে উপগ্রহ। চাঁদ পৃথিবীর একমাত্র উপগ্রহ। চাঁদের মতো মানুষের পাঠানো কৃত্রিম উপগ্রহগুলো অভিকর্ষ বলের প্রভাবে পৃথিবীকে কেন্দ্র করে ঘোরে। [অধ্যায় : ৭ম ও ১২শ]

- ক. উপগ্রহ কাকে বলে? ১
- খ. আলোর কোন ঘটনার কারণে সূর্য থেকে নিকটবর্তী গ্রহগুলো আলো ও তাপ পায়? ২
- গ. পৃথিবীর চারদিকে কৃত্রিম উপগ্রহের আবর্তনে আলোচ্য বলের ভূমিকা পরীক্ষার সাহায্যে ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের উপগ্রহটি যে আকর্ষণ বলের কারণে তার গ্রহের চারদিকে ঘোরে সেই আকর্ষণ বলকে মহাকর্ষের সূত্রের সাহায্যে উপস্থাপন কর। ৪

▶▶ ১৭নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. যেসব বস্তু গ্রহকে কেন্দ্র করে ঘোরে তাদের উপগ্রহ বলে।
- খ. আলোর প্রতিফলনের কারণে সূর্য হতে নিকটবর্তী গ্রহগুলো আলো ও তাপ পায়। গ্রহ ও উপগ্রহের কোনো আলো ও তাপ নেই। এদের উপর সূর্যের আলো পড়ে তা প্রতিফলিত হয় ফলে তারা আলো ও তাপ পায়।
- গ. আলোচ্য বলটি হলো অভিকর্ষ বল যা পৃথিবীর চারদিকে কৃত্রিম উপগ্রহের আবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উপরিউক্ত বিষয়টি একটি পরীক্ষণের সাহায্যে ব্যাখ্যা করতে পারি। একটি টেনিস বলকে প্রায় ১ মিটার লম্বা একটি সূতার এক মাথায় শক্ত করে বাঁধি। এবার সূতার অপর মাথা এক হাতে শক্ত করে ধরে অপর সূতার বলটি ভূপৃষ্ঠের সমান্তরালে ছুড়ে দিই। দেখা যাবে, বলটি সামনের দিক দিয়ে বৃত্তাকার পথে যেতে চাইছে। সূতার মাথা ধরে বলটি ঘুরালে বলটি সূতার টানে বৃত্তাকার পথে ঘুরবে। এখানে আমি হলো পৃথিবী, বল হলো কৃত্রিম উপগ্রহ এবং সূতার টান হলো অভিকর্ষ বল। বৃত্তাকার পথটি হলো কৃত্রিম উপগ্রহের কক্ষপথ। অভিকর্ষ বল না থাকলে কৃত্রিম উপগ্রহ কক্ষপথ থেকে ছিটকে পড়বে।
- ঘ. উদ্দীপকের উপগ্রহটি হলো চাঁদ। এটি তার গ্রহ পৃথিবীর আকর্ষণ বলের কারণে চারদিকে ঘোরে। এই আকর্ষণ বল হলো অভিকর্ষ বল। নিচে মহাকর্ষ সূত্রের সাহায্যে উত্তরটি উপস্থাপন করা হলো—

$$\text{মহাকর্ষ সূত্রানুসারে, } F = G \frac{m_1 m_2}{d^2}$$

এখানে, F = মহাকর্ষ বল

G = মহাকর্ষীয় ধ্রুবক

m_1 = মহাবিশ্বের প্রথম বস্তুর ভর

m_2 = মহাবিশ্বের দ্বিতীয় বস্তুর ভর

d = বস্তু দুটির মধ্যকার দূরত্ব

এখন, m_1 যদি পৃথিবীর ভর M এবং m_2 যদি চাঁদের ভর m হয় তবে আকর্ষণ বল F হবে অভিকর্ষ বল।

সেক্ষেত্রে মহাকর্ষ সূত্রানুসারে,

$$\text{অভিকর্ষ বল } F = G \frac{Mm}{d^2}$$

সুতরাং অভিকর্ষ বলকে মহাকর্ষের সূত্রের সাহায্যে উপস্থাপন করা হলো।

■ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন----- //

প্রশ্ন ১১। মহাকাশ ও মহাশূন্যের মধ্যে পার্থক্য কী?

উত্তর : মহাকাশ ও মহাশূন্যের মধ্যে পার্থক্য নিম্নরূপ—

মহাকাশ	মহাশূন্য
১. গ্রহ, নক্ষত্র, ছায়াপথ, গ্যালাক্সি	১. গ্রহ, নক্ষত্র, উপগ্রহের মবখানের

মহাকাশ	মহাশূন্য
ইত্যাদির মাঝখানের যে খালি জায়গা তাকে মহাকাশ বলে।	যে জায়গা যেখানে কেউ কারো দ্বারা প্রভাবিত হয় না তাকে মহাশূন্য বলে।
২. মহাকাশের ফাঁকা জায়গায় পৃথিবী, চাঁদ, সূর্য ও তারারা	২. মাঝখানে যে শূন্যস্থান থাকে সেখানে কেউ চলাচল করে

মহাকাশ	মহাশূন্য
নিজ নিজ কক্ষপথে ঘুরছে।	না।

প্রশ্ন ১২। মহাবিশ্বের বিশালতা ব্যাখ্যা কর।

উত্তর : সৃষ্টিজগতে যা কিছু আছে তার সবকিছু নিয়েই মহাবিশ্ব। ক্ষুদ্র পোকামাকড় ও ধূলিকণা থেকে শুরু করে আমাদের এই পৃথিবী, দূর-দূরান্তের গ্রহ-নক্ষত্র, ধূমকেতু, গ্যালাক্সি এবং দেখা না দেখা সবকিছু নিয়ে মহাবিশ্ব। মহাবিশ্ব যে কত বিশাল তা কেউ জানে না। অনেক বিজ্ঞানী মনে করেন মহাবিশ্বের শুরু ও শেষ নেই। কোটি কোটি গ্যালাক্সি রয়েছে মহাবিশ্বে, যেখানে রয়েছে কোটি কোটি নক্ষত্র।

সূর্য থেকে এর সবচেয়ে নিকটবর্তী নক্ষত্র আলফা সেন্টোরিতে আলো পৌঁছাতে সময় লাগে ৪ বছরের চেয়ে বেশি। এক দূরবর্তী নক্ষত্র থেকে অন্য দূরবর্তী নক্ষত্রে আলো পৌঁছাতে সময় লাগে কয়েক মিলিয়ন বছর। এ থেকে মহাবিশ্বের বিশালতা অনুমান করা যায়।

প্রশ্ন ১৩। গ্যালাক্সি কী? আমরা কোন গ্যালাক্সিতে বাস করি?

উত্তর : মহাবিশ্বের মহাকাশের ফাঁকা জায়গায় যেসব অংশে পদার্থ বা বস্তু বেশি জড়ো বা ঘনীভূত হয়ে একটি দল গঠন করেছে তাদের বলা হয় গ্যালাক্সি বা নক্ষত্রজগৎ। মহাবিশ্বে এরকম কোটি কোটি গ্যালাক্সি রয়েছে।

আমরা অর্থাৎ পৃথিবী নামক গ্রহের অধিবাসীরা ছায়াপথ বা মিল্কিওয়ে নামক গ্যালাক্সিতে বাস করি।

প্রশ্ন ১৪। সৌরজগৎ কাকে বলে? এখানে কী কী গ্রহ আছে?

উত্তর : সূর্য নামক নক্ষত্র ও তাকে কেন্দ্র করে ঘূর্ণায়মান আটটি গ্রহ, গ্রহাণুপুঞ্জ, ধূমকেতু, উল্কা ইত্যাদি মিলে যে পরিবার গঠিত তাকে সৌরজগৎ বলে। এটি ছায়াপথ বা মিল্কিওয়ে গ্যালাক্সির অন্তর্গত।

সৌরজগতের কেন্দ্রে আছে সূর্য। সূর্যকে ঘিরে আটটি গ্রহ আছে।

যথা : বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন।

প্রশ্ন ১৫। কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে কেন ঘোরে?

উত্তর : কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে ঘোরে মাধ্যাকর্ষণ টানের প্রভাবে। কৃত্রিম উপগ্রহ টাঁদের তুলনায় অনেক ছোট এবং টাঁদের থেকে অনেক নিচু দিয়ে পৃথিবীর চারদিকে ঘোরে। নির্দিষ্ট কক্ষপথে ঘোরার জন্য এদের প্রয়োজনীয় দ্রুতি থাকতে হয়। হিসাব করে দেখা গেছে যে, যদি পৃথিবীর প্রায় ২৫০ কিলোমিটার উপরে তুলে পৃথিবীপৃষ্ঠের সমান্তরালভাবে প্রতি সেকেন্ডে প্রায় ৮ কিলোমিটার বেগ দেওয়া যায় তবে কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে। তিনটি রকেটের সাহায্যে কৃত্রিম উপগ্রহকে নির্দিষ্ট উচ্চতায় তুলে পরে ভূপৃষ্ঠের সমান্তরালে কোণ দেয়া হয়। এ কারণেই কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারদিকে ঘুরতে থাকে।

প্রশ্ন ১৬। উপগ্রহ মানুষের অনেক কাজে লাগে- ব্যাখ্যা কর।

উত্তর : সৃজনশীল ৪(গ) নং উত্তর দেখ।

অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

■ জ্ঞানমূলক ----- //

প্রশ্ন ১১। পৃথিবী, চাঁদ, সূর্য ও তারারা কোথায় আছে?

উত্তর : পৃথিবী, চাঁদ, সূর্য ও তারারা মহাকাশে আছে।

প্রশ্ন ১২। মহাকাশ কী দিয়ে তৈরি?

উত্তর : মহাকাশ কোনো পদার্থ দিয়ে তৈরি নয়।

প্রশ্ন ১৩। রাতের আকাশে কোন গ্রহকে তার উপগ্রহসহ জ্বলজ্বল করতে দেখা যায়?

উত্তর : রাতের আকাশে বৃহস্পতি গ্রহকে তার উপগ্রহসহ জ্বলজ্বল করতে দেখা যায়।

প্রশ্ন ১৪। নভোমণ্ডলীয় বস্তু কাকে বলে?

উত্তর : মহাবিশ্বের সকল বস্তুকে বলা হয় নভোমণ্ডল।

প্রশ্ন ১৫। বায়ুমণ্ডল কত দূর পর্যন্ত বিস্তৃত?

উত্তর : বায়ুমণ্ডল পৃথিবী থেকে ১৬০ কিলোমিটার উচ্চতা পর্যন্ত বিস্তৃত।

প্রশ্ন ১৬। সূর্যের নিকটতম নক্ষত্রের নাম কী?

উত্তর : সূর্যের নিকটতম নক্ষত্রের নাম আলফা সেন্টোরি।

প্রশ্ন ১৭। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?

উত্তর : সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে প্রায় ৮ মিনিট ২০ সেকেন্ড।

প্রশ্ন ১৮। সৌরজগৎ কোন গ্যালাক্সির অন্তর্গত?

উত্তর : সৌরজগৎ ছায়াপথ নামক গ্যালাক্সির অন্তর্গত।

প্রশ্ন ১৯। মৌমাছির ঝাঁকের মতো মহাকাশে কী ঘুরে বেড়ায়?

উত্তর : মৌমাছির ঝাঁকের মতো মহাকাশে গ্যালাক্সিপুলো ঘুরে বেড়ায়।

প্রশ্ন ১১০। প্রাকৃতিক উপগ্রহ কী?

উত্তর : মহাকাশে বিদ্যমান জ্যোতিষ্কমণ্ডলীর মধ্যে যারা গ্রহকে কেন্দ্র করে ঘোরে তাদেরকে বলা হয় প্রাকৃতিক উপগ্রহ।

প্রশ্ন ১১১। বৃহস্পতির উপগ্রহ কয়টি?

উত্তর : বৃহস্পতির উপগ্রহ ৬৩টি।

প্রশ্ন ১১২। শনির উপগ্রহ কয়টি?

উত্তর : শনির উপগ্রহ ৩৪টি।

■ অনুধাবনমূলক ----- //

প্রশ্ন ১১। কক্ষপথ বলতে কী বোঝায়?

উত্তর : নক্ষত্র, গ্রহ ও উপগ্রহ যে নির্দিষ্ট পথে প্রদক্ষিণ করে সেই পথকে কক্ষপথ বলা হয়। পৃথিবী নিজ অক্ষের উপর অবিরাম ঘুরছে এবং একটি নির্দিষ্ট পথে সূর্যকেও প্রদক্ষিণ করছে। এভাবে গ্রহ ঘুরছে নক্ষত্রকে কেন্দ্র করে। আবার উপগ্রহ ঘুরছে গ্রহকে কেন্দ্র করে।

প্রশ্ন ১২। নক্ষত্র ও গ্রহের মধ্যে পার্থক্য লেখ।

উত্তর : নক্ষত্র ও গ্রহের মধ্যে পার্থক্য হলো—

নক্ষত্র	গ্রহ
১. নক্ষত্র হচ্ছে তেজোময় দীপ্ত গ্যাসীয় পদার্থের গোলক। যেমন : সূর্য।	১. গ্রহ হচ্ছে মধ্যাকর্ষণজনিত আকর্ষণের ফলে নক্ষত্রের চারদিকে পরিক্রমশীল এক ধরনের জ্যোতিষ্ক। যেমন : পৃথিবী।
২. নক্ষত্রের নিজস্ব আলো এবং উত্তাপ আছে।	২. গ্রহের নিজস্ব আলো ও উত্তাপ নেই। নক্ষত্রের আলোয় আলোকিত হয়।

প্রশ্ন ১৩। কৃত্রিম উপগ্রহকে পৃথিবী থেকে স্থির বলে মনে হবে কখন?

উত্তর : আমরা জানি, পৃথিবী ২৪ ঘণ্টায় এর নিজ অক্ষের চারদিকে একবার পাক খায়। সুতরাং কোনো কৃত্রিম উপগ্রহ যদি ২৪ ঘণ্টায় পৃথিবীর চারদিকে একবার ঘুরে আসে তাহলে একে পৃথিবী থেকে স্থির বলে মনে হবে।